**সাথী বন্ধুগণ:**

চেম্বারের আয়ের উৎস হচ্ছে আপনাদের প্রদত্ত সদস্য চাঁদা। বিগত বছরে অর্ডিনারী গ্রুপের ভোটার ছিলো ২০৮ জন, এ্যাসোসিয়েট গ্রুপের ভোটার ছিলো ১৪১ জন ও ট্রেড গ্রুপে ভোটার ছিলো ০৪ জন আরও পরবর্তিতে অর্ডিনারী গ্রুপে ১৮০ জন সদস্য অর্ন্তভুক্ত হয়েছে, এ্যাসোসিয়েট গ্রুপে ১২০ জন ও ট্রেড গ্রুপে ০৪ জন সর্বমোট ৬৫৩ জন বৈধ সদস্য আছেন। এই চেম্বারের গতিধারাকে ত্বরান্বিত করার লক্ষ্যে ২০২৪ ইং সালে পরিচালনা পরিষদ কমিটির ১০টি সভা করেছি। উক্ত সভায় আয়-ব্যায়ের হিসাব, সদস্য অর্ন্তভূক্তির আবেদন অনুমোদন করা সহ গুরুত্বপূর্ণ বিষয়াদী আলোচনান্তে সিদ্ধান্তগ্রহণ করে তা বাস্তবায়নের চেষ্টা করেছি। এ ব্যাপারে সার্বিক সহযোগীতা করার জন্য আমার সহকর্মীদের জানাই অভিনন্দন ও কৃতজ্ঞতা। আমি কৃতজ্ঞতা জানাই যারা আমাদের এই বার্ষিক প্রতিবেদনে বিজ্ঞাপন দিয়ে সাহায্য করেছেন এবং কৃতজ্ঞতা জানাই সেই সব মহান ব্যক্তিদের যারা তাদের মূল্যবান সময় ব্যয় করে প্রতিবেদনকে সমৃদ্ধ করতে বাণী দিয়েছেন। আজকের বার্ষিক সাধারণ সভায় ২০২৪ ইং সালের অডিট রিপোর্ট ২০২৫ ইং সালের প্রস্তাবিত বাজেট ও অডিটর নিয়োগের জন্য প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

আমার ব্যক্তিগত ত্রুটিবিচ্যুতি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন বলে আশা করি। আমরা ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি'র অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে অতিত দিনগুলির ন্যায় আপনাদের পাশেই থাকব ইনশাল্লাহ্। ব্যর্থতা আমাদের, সফলতা সকলের। সকলের সুস্বাস্থ্য, সহযোগিতা ও মঙ্গল কামনা করে শেষ করছি।
খোদা হাফেজ।

**(মোঃ মোয়াজ্জেম হোসেন)**
সভাপতি
ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি
ঝিনাইদহ।